

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক এর কার্যালয়  
বান্দরবান পার্বত্য জেলা  
স্থানীয় সরকার শাখা  
www.bandarban.gov.bd

স্মারক : ০৫.৪২.০৩০০.৫০২.০২.০১৭.১৯- ১৬০৭

তারিখ : ২০ কার্তিক ১৪২৬  
০৪ নভেম্বর ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের পত্র : ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-৪৩৫; তারিখ : ০৭ অক্টোবর ২০১৯ এর ছাড়পত্র অনুযায়ী বান্দরবান পার্বত্য জেলার ২৭টি ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” এর শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
১।	হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর	২৭(সাতাশ)	গ্রেড : ১৬ স্কেল ৯৩০০-২২৪৯০/-	ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যান্য দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ।

শর্তাবলী :

- ১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। সরকারের নির্দেশনা অনুযায়ী উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে ও ২৫% ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।
- ৩। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- ৪। আবেদন সরকার কর্তৃক নির্ধারিত ফরমে আগামী ০১ ডিসেম্বর ২০১৯ তারিখ অফিস সময়ের মধ্যে জেলা প্রশাসক, বান্দরবান এর দপ্তরে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরিত এবং বিলম্বে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ৫। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৬। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
- ৭। প্রার্থীর বয়স ০১ ডিসেম্বর ২০১৯ তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান বা সন্তানের সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ৮। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.mopa.gov.bd ওয়েবসাইট অথবা জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার www.bandarban.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।


- ৯। কোন তফসিলভুক্ত ব্যাংক হতে জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা এর অনুকূলে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ৪০০/- (চারশত) টাকার পে- অর্ডার/ ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- ১০। আবেদনপত্রের সাথে নিম্নোল্লিখিত কাগজপত্রাদি যুক্ত করতে হবে :
- ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি ৫ X ৫ সে.মি. আকারের রঞ্জিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে যুক্ত করতে হবে এবং ০২(দুই) কপি স্ট্যাম্প সাইজের রঞ্জিন ছবি আবেদনপত্রে যুক্ত করে দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবিসংক্রান্ত স্পষ্ট সীল থাকতে হবে।
- খ) প্রার্থীর নিজ পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ ও জন্ম নিবন্ধন সনদ।
- গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত)।
- ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
- ঙ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে নির্ধারিত ফরমের সাথে নিম্নে প্রদত্ত ছকে বর্ণিত তথ্যাদি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।
- চ) স্থায়ী বাসিন্দা সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত)।

#### মুক্তিযোদ্ধাদের তথ্য

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি-নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষাদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক	মন্তব্য

- ছ) প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০(দশ) টাকা মূল্যের ডাকটিকিটযুক্ত ৪.৫" x ১০" সাইজের একটি খাম আবেদনের সাথে যুক্ত করতে হবে।
- ১১। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- ১২। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- ১৩। মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার-ভিডিপি/ এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি বিধিবিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- ১৪। কর্তৃপক্ষ প্রয়োজনে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন এবং কোন কারণ দর্শানো ব্যক্তিরকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে কেউ চাকরিতে নিয়োগ পেলে তার নিয়োগাদেশ বাতিলসহ তার বিনুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ১৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষাকালীন নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদ, কম্পিউটার পারদর্শীতার প্রমাণস্বরূপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।
- ১৭। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার দক্ষতা যাঁচাই এর জন্য ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অকৃতকার্য প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।
- ১৮। এ নিয়োগের ক্ষেত্রে রিট পিটিশন নম্বর-১১৪৭৬/২০১৭ থেকে উদ্ভূত লীড টু আপীল মামলা নম্বর-৪৫২/২০১৮ এ মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখ প্রদত্ত আদেশ প্রতিপালন করা হবে।
- ১৯। জনপ্রশাসন মন্ত্রণালয়ের, বিধি-১ শাখার ৩০ জুন ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৭০.২২.০৬২.১৩-১৫২ সংখ্যক পত্রের নির্দেশনা অনুযায়ী এ নিয়োগের ক্ষেত্রে কোনো বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এতিম ও শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে উক্ত শূন্যপদ সাধারণ প্রার্থীদের মধ্য থেকে মেধা তালিকা অনুযায়ী পূরণ করা হবে।
- ২১। প্রার্থীকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

  
০৬/১১/১৯  
মোহাম্মদ দাউদুল ইসলাম  
জেলা প্রশাসক  
ফোন: ০৩৬১-৬২৫০১  
ফ্যাক্স: ০৩৬১-৬২৫৯০

E-mail: dcbandarban@mopa.gov.bd

স্মারক : ০৫.৪২.০৩০০.৫০২.০৮.০০৫.১৯- ৬১৭


তারিখ : ২০ কার্তিক ১৪২৬  
০৪ নভেম্বর ২০১৯

ক. অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

খ. অনুলিপি অবগতি ও বহল প্রচারের জন্য প্রেরণ করা হলো :

- ১। পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।  
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।  
৩। মেয়র, বান্দরবান পৌরসভা।  
৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল).....উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।  
৫। মেয়র, লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা।  
৬। জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।  
৭। জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, বান্দরবান জেলা ইউনিট, বান্দরবান পার্বত্য জেলা।  
৮। চেয়ারম্যান(সকল)..... ইউনিয়ন পরিষদ.....উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।  
০৯। সম্পাদক, দৈনিক ইত্তেফাক/দৈনিক সমকাল/দৈনিক সাঙ্গু। উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ১০ নভেম্বর ২০১৯ তারিখের পূর্ব (ছুটির দিন ব্যতীত)যে কোন ১(এক) দিন ৩ কলামে ৭” ইঞ্চি প্রচারের জন্য অনুরোধ করা হল।  
১০। নোটিশ বোর্ড।

  
০৬/১১/১৯  
মোহাম্মদ দাউদুল ইসলাম  
জেলা প্রশাসক

চাকুরির আবেদন ফরম

৫ X ৫সেঃ মিঃ  
সম্প্রতি তোলা তিন  
কপি ছবি

বরাবর,

জেলা প্রশাসক  
বান্দরবান পার্বত্য জেলা।

১।	পদের নামঃ											
২।	বিজ্ঞপ্তি নম্বরঃ			তারিখ	দি	ন	মা	স	ব	৭	স	র

৩।	প্রার্থীর নামঃ	বাংলায়ঃ
		ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ

৪।	জাতীয় পরিচয় পত্র নংঃ											যে কোন ১টি
	জন্ম নিবন্ধন নংঃ											
৫।	জন্ম তারিখঃ											৬। জন্মস্থান (জেলা)ঃ

৭।	০১/১২/২০১৯ তারিখে প্রার্থীর বয়সঃ	বছর	মাস	দিন
৮।	মাতার নামঃ			
৯।	পিতার নামঃ			

১০।	ঠিকানাঃ	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
	গ্রাম/পাড়া/মহল্লাঃ		
	ইউনিয়ন/ওয়ার্ডঃ		
	ডাকঘরঃ		
	পোস্ট কোড নম্বরঃ		
	উপজেলাঃ		
	জেলাঃ		

১১।	যোগাযোগ	মোবাইল নং	ই-মেইল (যদি থাকে)
১২।	জাতীয়তাঃ	১৩।	লিঙ্গঃ
১৪।	ধর্মঃ	১৫।	পেশাঃ

১৬।	শিক্ষাগত যোগ্যতা					
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাশের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	ছোড/শ্রেণি/বিভাগ

১৭।	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ
১৮।	অভিজ্ঞতার যোগ্যতা (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

১৯।	কোটা (টিক দিন)	মুক্তযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যা/পুত্র কন্যার পুত্র কন্যা	এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য অন্যান্য(উল্লেখ করুন)

২০।	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ	তারিখঃ	দি	ন	মা	স	ব	৭	স	র
	ব্যাংক ও শাখার নাম									

২১।	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)	হ্যাঁ	না	প্রযোজ্য নহে
-----	----------------------------------	-------	----	--------------

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল প্রকাল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ	দি	ন	মা	স	ব	৭	স	র

প্রার্থীর স্বাক্ষর